গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাজেট-১ অধিশাখা
www.mocat.gov.bd

বিষয়ঃ মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC)'র (জুম সভা) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোকাম্মেল হোসেন<br>সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় |
| তারিখ | : | ২২.০৪.২০২৪ খ্রি: |
| সময় | : | বেলা ১২:০০ টা |

০২। সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট-১) সভায় জানান, মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণের নিমিত্ত অর্থ বিভাগ কর্তৃক বিগত ১৯.১২.২০২৩ তারিখে পরিপত্র-১ জারি করা হয়। বাজেট পরিপত্র-১ অনুযায়ী প্রস্তুতকৃত ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ বিষয়ে বিগত ১৮.০২.২০২৪ তারিখে অর্থ বিভাগ কর্তৃক আয়োজিত ত্রিপক্ষীয় সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রেক্ষিতে বিগত ০৮.০৪.২০২৪ তারিখে অর্থ বিভাগ কর্তৃক বাজেট পরিপত্র-২ জারী করা হয়। উক্ত পরিপত্র অনুসারে আগামী ২৯.০৪.২০২৪ তারিখের মধ্যে মন্ত্রণালয় ও অধীন সংস্থাসমূহের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ প্রণয়ন করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের নির্দেশনা রয়েছে। সে মতে গত ১৭.০৪.২০২৪ খ্রি. তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)'র সভা অনুষ্ঠিত হয় এবং মন্ত্রণালয়ের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০৩। অর্থ বিভাগের সিলিং:

(ক) রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণঃ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | মন্ত্রণালয় | **বাজেট পরিপত্র-১ অনুযায়ী** | | | **বাজেট পরিপত্র-২ অনুযায়ী** | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | **বাজেট ২০২৪-২৫ (প্রাক্কলন)** | **প্রক্ষেপণ** | | **বাজেট ২০২৪-২৫ (প্রাক্কলন)** | **প্রক্ষেপণ** | |
| | | | **২০২৫-২৬** | **২০২৬-২৭** | | **২০২৫-২৬** | **২০২৬-২৭** |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৫৩ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ২৯৯.০৩ | ৩১৩.৯৯ | ৩২৯.৬৮ | ২৯৯.০৩ | ৩১৩.৯৯ | ৩২৯.৬৮ |

(খ) মন্ত্রণালয়ের ব্যয়সীমাঃ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয়ের কোড | **মন্ত্রণালয়** | **বাজেট পরিপত্র-১ অনুযায়ী** | | | **বাজেট পরিপত্র-২ অনুযায়ী** | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | **২০২৪-২৫ (প্রাক্কলন)** | **প্রক্ষেপণ** | | **২০২৪-২৫ (প্রাক্কলন)** | **প্রক্ষেপণ** | |
| | | | **২০২৫-২৬** | **২০২৬-২৭** | | **২০২৫-২৬** | **২০২৬-২৭** |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৫৩ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ৫৫০২.৬৭ | ৫৮৮৭.৮৬ | ৬৩০০.০১ | ৫৬৯৫.১৭ | ৬২৬৪.৬৯ | ৬৮৯১.১৬ |

চলমান পাতা-০২

(গ) মন্ত্রণালয়ের বৈদেশিক সহায়তা:

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয় | বাজেট পরিপত্র-১ অনুযায়ী | বাজেট পরিপত্র-২ অনুযায়ী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৫৩ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | ২৩২০ | ২৯২৭.৬৮ |

০৪। **রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার বিভাজন:**

**(ক) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও বিভাজন:**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয় /অধীন সংস্থাসমূহ | বাজেট পরিপত্র-১ অনুযায়ী | বাজেট পরিপত্র-২ অনুযায়ী | | | ২০২৪-২৫ অর্থবছরের BWG কমিটির সভার সুপারিশ অনুযায়ী রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ (প্রাক্কলন) | ২০২৪-২৫ (প্রাক্কলন) | প্রক্ষেপণ | | |
| | | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | |
| ১৫৩ | সচিবালয় | ১০.০০ | ১০.০০ | ১২.০০ | ১৩.০০ | ১০.০০ |
| | বাংলাদেশ পর্যটন করপোরেশন | ০.৫০ | ০.৫০ | ৭.০০ | ৮.০০ | ০.০৭ |
| | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ২৮৮.৫৩ | ২৮৮.৫৩ | ২৯৪.৯৯ | ৩০৮.৬৮ | ১২৫.০০ |
| | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মোট লক্ষ্যমাত্রা: | ২৯৯.০৩ | ২৯৯.০৩ | ৩১৩.৯৯ | ৩২৯.৬৮ | ১৩৫.০৭ |

**(খ) ব্যয়সীমা ও ব্যয়সীমার বিভাজন:**

**বাজেট পরিপত্র-১ অনুযায়ী বিভাজন:**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় /অধীন সংস্থাসমূহ | বাজেট পরিপত্র-১ অনুযায়ী বিভাজন | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়সীমা/ বিভাজন | | | | প্রক্ষেপণ | |
| | পরিচালন | উন্নয়ন | | মোট | ২০২৫-২৬ অর্থবছর | ২০২৬-২৭ অর্থবছর |
| | | জিওবি | পিএ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(২+৩+৪) | ৬ | ৭ |
| সচিবালয় | ২২.৫০ | | | ২২.৫০ | ২২.৫০ | ২৩.০০ |
| সচিবালয় (থোক) | | ১০.০০ | | ১০.০০ | ৪০.০০ | ৬০.০০ |
| বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ৫০.৫০ | | | ৫০.৫০ | ৪৪.৫৫ | ৪৯.০০ |
| বাংলাদেশ পর্যটন কর্পোরেশন | | ৭৩.৬৭ | | ৭৩.৬৭ | ৮১.০২ | ৮৯.১২ |
| বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | | ৩০২৬.০০ | ২৩২০.০০ | ৫৩৪৬.০০ | ৫৬৯৯.৭৯ | ৬০৭৮.৮৯ |
| **সর্বমোট=** | **৭৩.০০** | **৩১০৯.৬৭** | **২৩২০.০০** | **৫৫০২.৬৭** | **৫৮৮৭.৮৬** | **৬৩০০.০১** |

চলমান পাতা-০৩

বাজেট পরিপত্র-২ অনুযায়ী বিভাজন:

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় /অধীন সংস্থাসমূহ | বাজেট পরিপত্র-২ অনুযায়ী বিভাজন | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা/ বিভাজন | | | | প্রক্ষেপণ | |
| | পরিচালন | উন্নয়ন | | মোট | ২০২৫-২৬ অর্থবছর | ২০২৬-২৭ অর্থবছর |
| | | জিওবি | পিএ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(২+৩+৪) | ৬ | ৭ |
| সচিবালয় | ২১.২৪ | | | **২১.২৪** | ২২.৫০ | ২৩.০০ |
| সচিবালয় (থোক) | | ৩১৬.৫৪ | | **৩১৬.৫৪** | ৩০.০০ | ৪০.০০ |
| বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ৪১.৬৮ | | | **৪১.৬৮** | ৫৭.০০ | ৬০.০০ |
| বাংলাদেশ পর্যটন কর্পোরেশন | | ৫২.৬০ | | **৫২.৬০** | ৫৮.০০ | ৬৪.০০ |
| বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | | ২৩৩৫.৪৩ | ২৯২৭.৬৮ | **৫২৬৩.১১** | ৬০৯৭.১৯ | ৬৭০৪.১৬ |
| **সর্বমোট=** | **৬২.৯২** | **২৭০৪.৫৭** | **২৯২৭.৬৮** | **৫৬৯৫.১৭** | ৬২৬৪.৬৯ | ৬৮৯১.১৬ |

০৫। যুগ্মসচিব (বাজেট-১) সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন বিষয়ে ত্রিপক্ষীয় সভায় বিস্তারিত আলোচনা হয়। বাজেট পরিপত্র-২ এর সিলিং ও ত্রিপক্ষীয় সভার নির্দেশনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়নপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনক্রমে iBAS++এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। বাজেট পরিপত্র-২ পর্যালোচনায় দেখা যায় যে, এ মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দকৃত পরিচালন বাজেটে ১০.০৮ কোটি টাকা হ্রাস পেয়েছে। উন্নয়ন বাজেটের জিওবি অংশ ৪০৫.১০ কোটি টাকা হ্রাস পেলেও পিএ অংশে ৬০৭.৬৮ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। এছাড়া তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে এপিএ'তে অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রার উপর ভিত্তি করে উক্ত সূচকে এপিএ'তে ২ নম্বর বন্টন করা হয়েছে, যা অর্জন করা এ মন্ত্রণালয়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ বিষয়। অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র-১ ও পরিপত্র-২ অনুযায়ী রাজস্ব আয়ের ক্ষেত্রে যে লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে এ মন্ত্রণালয় এবং অধীন সংস্থাসমূহের মাধ্যমে সেটি সম্পূর্ণ বাস্তবায়ন করা সম্ভবপর নয়। কারণ এ মন্ত্রণালয়ের অধীন রাজস্ব আয়ের যে সকল সংস্থা রয়েছে তার মধ্যে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রতিবছরই অর্থ বিভাগের মনিটরিং সেল থেকে ১২৫.০০ কোটি টাকা রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে থাকে। অন্যদিকে বাংলাদেশ পর্যটন করপোরেশনকে যে লক্ষ্যমাত্রা দেওয়া হয় বছর শেষে সেটিও উক্ত সংস্থার পক্ষে আদায় করা সম্ভব হয় না। সুতরাং বাজেট পরিপত্র-২ অনুযায়ী রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা যদি একই রাখা হয় তাহলে এ লক্ষ্যমাত্রা সম্পূর্ণ আদায়ের মাধ্যমে এপিএ'র মূল্যায়নের ২ নম্বর অর্জন করা এ মন্ত্রণালয়ের পক্ষে সম্ভব হবে না।

০৬। আলোচনায় অংশগ্রহণ করে উপসচিব (পরিকল্পনা-১) বলেন, ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্তের আলোকে বাজেট সিলিং নির্ধারণ করা হয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ (১ম পর্যায়) প্রকল্পের প্রকল্প সহায়তা এবং জিওবি অংশে মোট ৬০১.৬৫ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে এবং বেবিচক ও বাপকের অন্যান্য প্রকল্পের অর্থও প্রয়োজন অনুযায়ী হ্রাস/বৃদ্ধি করা হয়েছে। বাজেট পরিপত্র-২ অনুসারে ত্রিপক্ষীয় সভার আলোচনার প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্পের সিলিং নির্ধারন করা হয়েছে।

০৭। উপসচিব (বাজেট-২৪), অর্থ বিভাগ বলেন, পরিপত্র-২ অনুযায়ী বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অনুকূলে রাজস্ব আদায়ের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেটি পরিবর্তন করা আপতত কোন সুযোগ নেই। তবে উক্ত মন্ত্রণালয় কর্তৃক এপিএ'র টার্গেট অর্জন করার লক্ষ্যে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা যৌক্তিকভাবে পুন:নির্ধারণের জন্য পরবর্তী ত্রিপক্ষীয় সভায় বিষয়টি উপস্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি বলেন, যেহেতু রাজস্ব আয়ের সিংহভাগই বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ থেকে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়; সেহেতু এ বিষয়ে বাজেট-২৪, অর্থ বিভাগের মনিটরিং সেল, বেবিচক এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয়ে আলোচনার মাধ্যমে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা যেতে পারে। তিনি বাংলাদেশ পর্যটন করপোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির বিষয়েও যথাযথ পদক্ষেপ নেওয়োর জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন, বাজেট পরিপত্র-২ অনুযায়ী রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রার পরিবর্তন না করে iBAS++ এ এন্ট্রি দিতে হবে।

চলমান পাতা-০৪

০৮। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন সভায় বলেন, বাংলাদেশ পর্যটন করপোরেশনের আওতাধীন হোটেল-মোটেল থেকে অর্জিত আয়ের মাধ্যমে এ সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য যাবতীয় ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। পর্যটন করপোরেশনের অনুকূলে ধার্যকৃত ০.৫০ কোটি টাকা পর্যটন করপোরেশনের পক্ষে সরকারি কোষাগারে জমা প্রদান করা সম্ভবপর নয়। সে প্রেক্ষিতে তিনি জানান ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক ০.০৭ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা সম্ভব হবে। তিনি ২০২৫-২৬ অর্থবছরে ০.০৮ কোটি টাকা এবং ২০২৬-২৭ অর্থবছরে ০.০৯ কোটি টাকা বাপকের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য সভায় অনুরোধ জানান।

০৯। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বলেন, প্রতিবছর একটি বড় অংকের টাকা ভ্যাট ও ট্যাক্স বাবদ বেবিচককে পরিশোধ করতে হয়। তাছাড়া ২০২৪-২৫ অর্থবছরে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৩য় টার্মিণাল নির্মাণে গৃহীত বৈদেশিক ঋণের কিস্তিও উক্ত সংস্থাটিকে পরিশোধ করতে হবে। এমতাবস্থায়, বেবিচকের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরে ২৮৮.৫৩ কোটি টাকা রাজস্ব আয়ের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে সেটি বেবিচক কর্তৃক সম্পূর্ণ আদায় করা সম্ভবপর নয়। সার্বিক বিবেচনা করে প্রতি বছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরে অর্থ মন্ত্রণালয়ের মনিটরিং সেলের সাথে আলোচনা করে বেবিচক কর্তৃক ১২৫.০০ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।

১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড বলেন, ২০২৪-২৫ অর্থবছর থেকে ট্যুর অপারেটর ও ট্যুর গাইড নিবন্ধন কার্যক্রম শুরু হবে। উক্ত কার্যক্রম থেকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে ০.৫০ কোটি টাকা আয় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা সম্ভব হবে মর্মে তিনি সভায় জানান।

১১। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ২০২৪-২৫ অর্থবছর থেকে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়টি এপিএ'তে অন্তর্ভুক্ত হওয়ার কারণে এ মন্ত্রণালয়ের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা যৌক্তিকভাবে নির্ধারণ করা প্রয়োজন। অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র-২ অনুযায়ী দক্ষতার সাথে অর্থের ব্যবহার নিশ্চিত করতে হবে। রাজস্ব প্রাপ্তি এবং ব্যয় বিভাজন অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ প্রণয়ন প্রস্তুত করতে হবে। মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) অর্জনে বরাদ্দকৃত অর্থের যথাযথভাবে পরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১২। **বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

**(ক) রাজস্ব প্রাপ্তির বিভাজন:**

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয় /অধীন সংস্থাসমূহ | বাজেট পরিপত্র-২ অনুযায়ী | | | ২০২৪-২৫ অর্থবছরের BMC সভার আলোচনার প্রেক্ষিতে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|
| | | ২০২৪-২৫ (প্রাক্কলন) | প্রক্ষেপণ | | |
| | | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | |
| ১৫৩ | সচিবালয় | ১০.০০ | ১২.০০ | ১৩.০০ | ১০.০০ |
| | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | | | | ০.৫০ |
| | বাংলাদেশ পর্যটন করপোরেশন | ০.৫০ | ৭.০০ | ৮.০০ | ০.০৭ |
| | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | ২৮৮.৫৩ | ২৯৪.৯৯ | ৩০৮.৬৮ | ১২৫.০০ |
| | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের রাজস্ব আয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ: | ২৯৯.০৩ | ৩১৩.৯৯ | ৩২৯.৬৮ | ১৩৫.৫৭ |

চলমান পাতা-০৫

খ) ব্যয়সীমা ও ব্যয়সীমার বিভাজন:

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় /অধীন সংস্থাসমূহ | বাজেট পরিপত্র-২ অনুযায়ী বিভাজন | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ২০২৪-২৫ অর্থবছরের ব্যয়সীমা/ বিভাজন | | | | প্রক্ষেপণ | |
| | পরিচালন | উন্নয়ন | | মোট | ২০২৫-২৬ অর্থবছর | ২০২৬-২৭ অর্থবছর |
| | | জিওবি | পিএ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(২+৩+৪) | ৬ | ৭ |
| সচিবালয় | ২১.২৪ | | | **২১.২৪** | ২২.৫০ | ২৩.০০ |
| সচিবালয় (থোক) | | ৩১৬.৫৪ | | **৩১৬.৫৪** | ৩০.০০ | ৪০.০০ |
| বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | ৪১.৬৮ | | | **৪১.৬৮** | ৫৭.০০ | ৬০.০০ |
| বাংলাদেশ পর্যটন কর্পোরেশন | | ৫২.৬০ | | **৫২.৬০** | ৫৮.০০ | ৬৪.০০ |
| বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | | ২৩৩৫.৪৩ | ২৯২৭.৬৮ | **৫২৬৩.১১** | ৬০৯৭.১৯ | ৬৭০৪.১৬ |
| **সর্বমোট=** | **৬২.৯২** | **২৭০৪.৫৭** | **২৯২৭.৬৮** | **৫৬৯৫.১৭** | ৬২৬৪.৬৯ | ৬৮৯১.১৬ |

গ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বাজেট পরিপত্র-২ অনুযায়ী বাজেট কাঠামো সংশোধন এবং হালনাগদ করতে হবে;

ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে ২০২৪-২৫ অর্থবছর থেকে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়টি এপিএ'তে অন্তর্ভুক্ত হওয়ার কারণে এ মন্ত্রণালয়ের রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা যৌক্তিকভাবে পুন:নির্ধারণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করতে হবে;

ঙ) ২০২৪-২৫ অর্থবছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড'র রাজস্ব আয় iBAS++ এ Entry প্রদানের লক্ষ্যে নির্দিষ্ট কোড সৃজনের জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে; এবং

চ) এ মন্ত্রণালয় ও অধীন সংস্থাসমূহ কর্তৃক অর্থ বিভাগের চাহিত তথ্যাদিসহ বাজেট ফরমসমূহ পূরণ করে সংশ্লিষ্ট iBAS++ এ আগামী ২৯.০৪.২০২৪ খ্রি. তারিখের মধ্যেই Entry প্রদানের যাথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে;

১৩। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষর/-
২৩.০৪.২০২৪

(মোঃ মোকাম্মেল হোসেন)
সচিব
ও
সভাপতি, বাজেট ব্যবস্থাপনা কমিটি
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

নং-৩০.০০.০০০০.০২৪.২০.০০১.২৩- ৮৩

তারিখঃ ১০ বৈশাখ ১৪৩১ বঃ
২৩ এপ্রিল ২০২৪ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রম অনুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ:- যুগ্মসচিব, বাজেট-৮);
২. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: উপসচিব, নরডিক ও সমন্বয়);
৩. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ:আ: অতিরিক্ত সচিব, সেক্টর-০৬);
৪. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

চলমান পাতা-০৬

৫. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
৬. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, আগারগাঁও, ঢাকা;
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, আগারগাঁও, ঢাকা;
৮. প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;
৯. প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;
১০. প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর., ঢাকা;
১১. প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;
১২. অতিরিক্ত সচিব (সকল), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
১৩. যুগ্মসচিব (প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
১৪. যুগ্মসচিব (পরিকল্পনা), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা; এবং
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

২৬/০৪/২০২৪.
(মোঃ হেলাল উদ্দিন)
যুগ্মসচিব